# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৬৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. দ্বিতীয় অনুচ্ছেদ - জামা‘আত ও তার ফযীলত সম্পর্কে

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: إِنِّي سَمِعْتُ حِبِّي أَبَا الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «لَا تُقْبَلُ صَلَاةُ امْرَأَةٍ تَطَيَّبَتْ لِلْمَسْجِدِ حَتَّى تَغْتَسِلَ غُسْلَهَا مِنَ الْجَنَابَةِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وروى أَحْمد وَالنَّسَائِيّ نَحوه

বাংলা

১০৬৪-[১৩] আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আমার মাহবুব আবুল ক্বাসিম (রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে বলতে শুনেছিঃ ঐ মহিলার সালাত (সালাত/নামায/নামাজ) কবূল হবে না যে সুগন্ধি মেখে মসজিদে যায়, যতক্ষণ সে গোসল না করে নাপাকী থেকে গোসল করার ন্যায়। (আবূ দাঊদ, আহমাদ, নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ : আহমাদ ৯৯৩৮, আবূ দাঊদ ৪১৭৪, সহীহ আল জামি‘ ৭৩৮৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (تَطَيَّبَتْ لِلْمَسْجِدِ) ‘‘মসজিদের জন্য সুগন্ধি লাগায়’’ অর্থাৎ মসজিদে যাওয়ার জন্য সুগন্ধি লাগায়।

(حَتّى تَغْتَسِلَ غُسْلَهَا مِنَ الْجَنَابَةِ) যতক্ষণ পর্যন্ত সে জানাবাতের গোসলের মতো গোসল করে’’ অর্থাৎ জানাবাত তথা নাপাকী দূর করার জন্য যেরূপ নাপাকী দূর না হওয়া পর্যন্ত গোসল করতে হয়। অনুরূপভাবে পূর্ণভাবে সুগন্ধি দূর না হওয়া পর্যন্ত গোসল করবে। অতঃপর চাইলে সে মসজিদে যাবে। যদিও আবূ দাউদে বর্ণিত এ হাদীসটি দুর্বল ‘আসিম ইবনু ‘উবায়দুল্লাহ (রাঃ) নামক রাবীর দুর্বলতার কারণে তথাপি হাদীসটির অর্থ সঠিক। কেননা ইবনু খুযায়মাহ্ ও বায়হাক্বী মূসা ইবনু ইয়াসার সূত্রে আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে হাদীসটি বর্ণনা করেছেন। ইমাম আহমাদ লায়স ইবনু আবী সুলায়ম-এর বরাতে ‘আবদুল কারীম সূত্রে আবূ রূহম-এর মুক্ত গোলাম থেকে বর্ণনা

করেছেন। আর ইমাম নাসায়ী সাফওয়ান ইবনু সুলায়ম-এর বরাতে একজন বিশ্বস্ত ব্যক্তির সূত্রে আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণনা করেছেন। অতএব হাদীসটি গ্রহণযোগ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55624

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন